



বাচ্চাদের দৃষ্টিশক্তির সমস্যা

ছোটো বাচ্চারা প্রায়ই বুঝতে পারে না কখন তাদের দেখতে অসুবিধা হচ্ছে। তারা ভাবে সবাই যেমন দেখে তারাও সেইরকমই দেখছে।

পিতা-মাতা/বাবা-মায়েরা কখনও কখনও তাদের বাচ্চার দৃষ্টিশক্তির সমস্যা থাকলে তার উপসর্গগুলি দেখতে পান।

আপনার বাচ্চা কি:

- খুব কাছ থেকে টিভি দেখে?
- মাথা ব্যথা করে বা চোখ ক্লান্ত হয়ে যায়?
- কোনো আপাত কারণ ছাড়াই কাজ করা এড়িয়ে চলে?
- প্রায়ই তাদের চোখ রগড়ায়?
- দেখার জন্য তাদের মাথা বেকায় বা হেলায়?
- উজ্জ্বল আলোগুলিকে এড়িয়ে চলে?

এই উপসর্গগুলির কোনটি আপনি খেয়াল করলে:

- পরীক্ষা করার জন্য আপনার বাচ্চাকে একজন চোখের ডাক্তারের কাছে নিয়ে যান।
- আপনার বাচ্চাকে প্রত্যেক বছর চোখের ডাক্তারের কাছে নিয়ে যাওয়া অব্যাহত রাখুন, বিশেষ করে তাদের যদি চশমা থাকে।
- আপনার বাচ্চাকে চোখের ডাক্তারের নির্দেশ মত চশমা পরার জন্য উৎসাহিত করুন।

